

কুয়াশা

বিষম্ এই প্রভাত কুয়াশার প্রহরে
কান্নায় আনমনা,
প্রহারিত মুকুলে বিষম ব্যথা
মৃত্যুর কঠিন যন্ত্রণা।

শীতের এই শেষ পর্যায়
কুয়াশার দাপটে প্লাবিত
আসন্ন ঋতুর ফলস্তু সম্ভাবনা
কুয়াশার বন্যায় আপ্লুত।

কুয়াশার আক্রমণ কেন এতো কঠোর
কেনই বা ব্যাপক বন্যা ?
কোন্ সে দানব কি পরিচয় তাহার
কুয়াশা যাহার কন্যা ?